# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৩৯১

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১. ইচ্ছাকৃত হত্যায় দিয়াত রয়েছে

بَاب الدِّيَةِ فِي قَتْلِ الْعَمْدِ

### আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ مُوسَى حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ حَدَّثَنِي الزُّهْرِيُّ عَنْ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ وَكَانَ فِي كِتَابِهِ أَنَّ مَنْ اعْتَبَطَ مُؤْمِنًا قَتْلًا عَنْ بَيِّنَةٍ فَإِنَّهُ قَوَدُ يَدِهِ إِلَّا أَنْ يَرْضَى أَوْلِيَاءُ الْمَقْتُولِ قَالَ أَبُو مُحَمَّد اعْتَبَطَ قَتَلَ مِنْ غَيْرِ عِلَّةٍ

### বাংলা

২৩৯১. আমর ইবনু হাযম তার পিতা হতে, তার দাদা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়ামানবাসীদের নিকট একটি পত্র লিখেছিলেন যাতে ছিল: “যে ব্যক্তি বিনা কারণে কোনো মু’মিনকে ইচ্ছাকৃতভাবে হত্যা করে, তবে কিসাস ওয়াজিব হবে । তবে সে যদি নিহত ব্যক্তির ওয়ালী বা অভিভাবকদেরকে (ক্ষমা করতে কিংবা রক্তমূল্য নিতে) রাজি করাতে পারে, তবে (সে রক্ষা পেতে পারে)।”[1] আবূ মুহাম্মদ বলেন, ’ই’তাবাত্বা’ অর্থ বিনা কারণে।

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: এর অংশবিশেষ বর্ণনা করেছেন বুখারী, আল ইলম ১১২ ((নাসাঈ, কাসামাহ ৮/৫৭-৫৮-৫৯-৬০; মালিক, মুআত্তা, উকুল হা/১।))

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর বিন হাযম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন